

## শিক্ষার হেরফের

আলোচ্য প্রবন্ধে কবি শুভ রবিন্দ্রনাথ ঠাকুর  
আমাদের প্রকৃত শিক্ষার উদ্দেশ্য বুঝাতে চেয়েছেন।  
শিক্ষা হলো সামাজিক গতিশীল প্রক্রিয়া। জন্ম থেকে  
মৃত্যু পর্যন্ত আমাদের শিখন প্রক্রিয়া চলতে থাকে।  
শিক্ষার মূল উদ্দেশ্য হলো আমাদের আচরণের  
ইতিবাচক পরিবর্তন। একটা সুন্দর, পবিত্র, বিশ্বস্ত  
জীবনের উপলব্ধি হলো শিক্ষা। অথচ আমাদের  
সমাজে পাস করে সার্টিফিকেট অর্জন করার নামই  
হলো শিক্ষা। ইংরেজি একটি বিদেশি ভাষা। শব্দ  
বিন্যাস ও পদবিন্যাসে আমাদের ভাষা সহিত যার  
কোন মিল নাই। প্রাথমিক পর্যায়ে আমাদের  
শিক্ষকরা ও এই ভাষায় সুপরিচিত নহে। কাজেই  
ধারণা না নিয়েই আমরা মুখস্থ করা শুরু করি, ফলে  
এতে কোনো কোনোমতে পাশ হলেও, ইংরেজি ভাষা  
শেখা সম্ভব হয় না। কাজেই শিক্ষার হার দিন দিন  
বৃদ্ধি পেলেও সত্যিকারের শিক্ষা অর্জন হচ্ছে না। বড়  
বড় ডিগ্রিধারী হলেও তাদের আচরণে কোনো  
পরিবর্তন হচ্ছে না। তার আসল কারণ ছোটবেলা  
থেকে আমাদের মধ্যে ঢুকিয়ে দেয়া হচ্ছে কিভাবে  
রেজাল্ট ভালো করতে হবে এবং সিজিপিএ বাড়াতে  
হবে।

প্রাক-প্রাথমিকে মূল উদ্দেশ্য হলো স্কুলে যাওয়া  
আসার অভ্যাস তৈরি করা। অথচ শুরু থেকে আমরা  
বাচ্চাদের চাপের মধ্যে রাখি, ফলে শিক্ষায় আনন্দ না  
পেয়ে তারা মুখস্ত করে। ফলে সার্টিফিকেট অর্জন  
করলেও প্রকৃত বিকাশ লাভ হয়না। শিক্ষার লক্ষ্য ও  
মূল উদ্দেশ্যই আমরা জ্ঞান অর্জন করতে পারি  
তাহলে শিক্ষার্থীদের বিকাশ সম্ভব এবং সুশিক্ষায়  
গড়ে তোলা সম্ভব। বাল্যকাল থেকে ভাষা শিক্ষার  
সঙ্গে মিল রেখে আমরা অগ্রসর হই, তাহলে মানুষের  
মতো মানুষ হতে পারি।

Name: Refatun Nahar Reya  
Department of Software Engineering  
Id:221-35-884 (Section-C)